



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

নং-১৮.১৪.০১৫৮.১২৫.০২.৩৪৭(অংশ-৫).২০২২-

৩২৫৫

তারিখঃ ১২/১২/২০২২ খ্রিঃ


চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন চুক্তিভিত্তিক ০১ (এক) জন এল. এল. বি. ডিগ্রীধারী 'আইন কর্মকর্তা' নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা	বেতন
১।	আইন কর্মকর্তা	০১ (এক) টি	সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বৎসর	এল. এল. বি. ডিগ্রীসহ বাংলাদেশ বার কাউন্সিলের তালিকাভুক্ত আইনজীবী	আলোচনা সাপেক্ষে সর্বসাকুল্যে বেতন ও ভাতা নির্ধারণ করা হবে।

শর্তাবলিঃ

- প্রার্থীকে মবক এর ওয়েবসাইট www.mpa.gov.bd এ প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী আবেদন করতে হবে।
- আবেদন শুরুর তারিখ ২০/১২/২০২২ খ্রিঃ। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি ছবি সংযুক্ত করে এবং খামের উপরে পদের নাম উল্লেখপূর্বক পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা-৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর ০২/০১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে অথবা হাতে হাতে পৌঁছাতে হবে।
- সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূল সনদ ও ০১ (এক) কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/জন্ম সনদ মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে, যা সরকারি গেজেটেড ১ম শ্রেণীর কর্মচারীর নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণীর কর্মচারীর নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে।
- যোগ্য প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের স্থান, তারিখ ও সময়সূচি মবক এর ওয়েব সাইট-www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে অথবা টেলিফোনের মাধ্যমে/এস এম এস এর মাধ্যমে জানানো হবে।
- দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিল করা হবে।
- কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্তক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- আবেদনের ক্ষেত্রে কোনরূপ সমস্যার সম্মুখীন হলে ০২/০১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালে ০১৭৫৩৭৯৭৫৩২ নম্বরে যোগাযোগ করা যাবে।


১২/১২/২০২২

মোঃ শাহীনুর আলম
উপসচিব
পরিচালক (প্রশাসন)
মোংলা বন্দর কর্তৃপক্ষ